

প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ
ফারুক কৃষি বিশ্ববিদ্যালয়ের

ভাইস চ্যান্সেলর

প্রেসিডেন্ট ও বাংলাদেশ
কৃষি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর
প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারুককে
চার বছর মেয়াদের জন্য বাংলা-
দেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-
(২য় পূঃ ৫-এর কঃ দ্রঃ)

ভাইস চ্যান্সেলর (১ম পূঃ পর)

চ্যান্সেলর পদে নিয়োগাদেশ প্রদান
করিয়াছেন। গত সোমবার সন্ধ্যায়
ভাইস চ্যান্সেলরের বাসভবনে
বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন প্রশাস-
নিক কর্মকর্তা ও শিক্ষা অধি-
কর্তাবৃন্দের উপস্থিতিতে তিনি
আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ের
দায়িত্ব গ্রহণ করেন। ঋষর কৃষি
বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফ-
তরের।

আমাদের কৃষি বিশ্ববিদ্যালয়
সংবাদদাতা জানান, প্রফেসর
ফারুক ১৯৪১ সালের ১৯শে
আগষ্ট ময়মনসিংহ শহরে জন্ম-
গ্রহণ করেন। ১৯৬৩ সালে বাংলা-
দেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ব-
বিদ্যালয় হইতে মেকানিক্যাল
ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি ইঞ্জিঃ
ডিগ্রী লাভ করেন। ১৯৬৭ সালে
যুক্তরাষ্ট্রের টেক্সাস এ এণ্ড এম
বিশ্ববিদ্যালয় হইতে এম এস
(এগ্রিইঞ্জিঃ ডিগ্রী এবং ১৯৭৯
সনে যুক্তরাষ্ট্রের ওকলাহোমা
স্টেট বিশ্ববিদ্যালয় হইতে পি এইচ
ডি ডিগ্রী লাভ করেন। ১৯৬৫
সনের জুলাই মাসে কৃষি বিশ্ব-
বিদ্যালয়ের কৃষি প্রকৌশল ও
কারিগরি অনুষদে যোগদান
করেন। ১৯৬৭ সনে সহকারী
প্রফেসর এবং ১৯৭৩ সনে সহ-
যোগী প্রফেসর এবং ১৯৮৩
সনে প্রফেসর পদে পদোন্নতি লাভ
করেন। ব্যক্তিগত জীবনে তিনি
বিবাহিত ও দুই পুত্রের জনক।